

বাংলাদেশে দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ

প্রধান কার্যালয় : দুগ্ধভবন

১৩৯-১৪০ তজ্জগীও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী

স্মারকনং- ৪৭.৬৭.০০০০.০০১.৩১.০০১.১৯-

তারিখ: ১৬/০৭/২০২০ইং

১৪/০৭/২০২০ইং তারিখ সকাল ১১:৩০ ঘটিকায়, ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মিল্ক ইউনিয়নের ইনোভেশনটিমএর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ইনোভেশনটিমের আহবায়ক ও অতিরিক্ত-মহাব্যবস্থাপক (প্রশাসন), জনাব তোফায়েল আহম্মদ। সভায় উপস্থিতি অন্যান্য সদস্যবৃন্দের নাম নিম্নে উপস্থাপন করা হলো:

কমিটির সদস্য :

- |   |                           |
|---|---------------------------|
| ১। জনাব তোফায়েল আহম্মদ, অতিঃ মহাব্যবস্থাপক (প্রশাসন)                 | - আহ্বায়ক, ইনোভেশনটিম।   |
| ২। জনাব প্রীতম কুমার দাশ, উপ-ব্যবস্থাপক (পউজ)                         | - সদস্য, ইনোভেশনটিম।      |
| ৩। জনাব মোঃ মশিউর রহমান, সহকারী ব্যবস্থাপক (বিপণন)                    | - সদস্য, ইনোভেশনটিম।      |
| ৪। জনাব ইমরান-বিন-ফারুক, সিনিয়র অফিসার (ক্রয়)                       | - সদস্য-সচিব ইনোভেশন টিম। |
| ৫। জনাব মোঃ জালাল উদ্দিন রানা, অফিস সহকারী, ব্যবস্থাপনা পরিচালক দপ্তর | - সদস্য, ইনোভেশনটিম।      |

আলোচনাঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে তিনি তারিখের ইনোভেশন কমিটির সভার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ইনোভেশন কমিটির পরবর্তী করণীয় বিষয় নিয়ে আলোচনা করেন।

আলোচনা ১ - জনাব ইমরান-বিন-ফারুক, সিনিয়র অফিসার (ক্রয়) সভায় যানায় যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন বিষয় সমবায় মন্ত্রণালয়ের জনাব প্রকৌশলী মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী, সিস্টেম এনালিস্ট এর সাথে টেলিফোনে কথা হয়। তিনি জানিয়েছেন, মন্ত্রণালয় থেকে এখনও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বছরের ছক প্রদান করা হয় নি। ছক প্রদান করা হলে, মিল্ক ইউনিয়ন কে প্রেরণ করা হবে, সেই সাথে তিনি মিল্ক ইউনিয়নে ই-নথি দ্রুত চালু করার বিষয় তাগিদ দেন।

আলোচনা ২ - বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক ভিডিও কনফারেন্সের মাধ্যমে সমন্বয় সভা করার সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্তমানে ব্যবস্থাপনা কমিটির সভা সহ অন্যান্য সভা জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভা করা হচ্ছে। তবে জুম ভিডিও এপস টি আরো ভালো ভাবে ব্যবহার করার জন্য প্রতিষ্ঠানিক ভাবে ক্রয় করার বিষয় আলোচনা হয়।

আলোচনা ৩ - ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বৎসরের জন্য বাজেট বরাদ্দ চেয়ে মিল্ক ইউনিয়নের অর্থ ও হিসাব বিভাগে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

আলোচনা ৪ - মিল্ক ইউনিয়নের ক্রয় বিভাগ এবং কেন্দ্রীয় গুদাম অটোমেশন করার লক্ষ্যে উক্ত বিভাগে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

আলোচনা ৫ - বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা) সকল প্লান্ট / কারখানা প্রধান ও উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দের নিকট হতে ইনোভেটিক আইডিয়া সংগ্রহ বিষয় আলোচনা হয়।

আলোচনা ৬ - মিল্ক ইউনিয়নের অফিশিয়াল ফেসবুকে প্রতি শুক্রবার মিল্কভিটা প্রোডাক্ট এবং সংশ্লিষ্ট বিষয় নিয়ে লাইভ ভিডিও করার বিষয় আলোচনা করা হয়।

*Tom*  
২৬/০৭/২০

## সিদ্ধান্ত

সিদ্ধান্ত ১ - মন্ত্রনালয় থেকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বছরের ছক পাওয়া গেলে উক্ত ছক মোতাবেক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন করা হবে। মিল্ক ইউনিয়নের কার্যক্রম সহজলভ্য করার লক্ষ্যে সকল নথি পত্র ডিজিটাল নথিতে অন্তর্ভুক্তকরণ এবং ই-ফাইলিং চালু করার জন্য মিল্ক ইউনিয়নের সব বিভাগে ই-নথি প্রশিক্ষণের ভিডিও লিংক প্রদান করা হবে।

সিদ্ধান্ত ২ - জুম ভিডিও এপস ক্রয় বিষয় একটি প্রতিবেদন জনাব মোঃজালালউদ্দিন রানা, দাখিল করবেন।

সিদ্ধান্ত ৩ - ইনোভেশন টীমের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বৎসরের জন্য ২ কোটি টাকা বাজেট ধরা হয়। উক্ত বাজেট বরাদ্দ্য চেয়ে মিল্ক ইউনিয়নের অর্থ ও হিসাব বিভাগে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৪ - মিল্ক ইউনিয়নের ক্রয় বিভাগ এবং কেন্দ্রীয় গুদাম অটোমেশন করার লক্ষ্যে উক্ত বিভাগে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৫ - বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা) সকল প্রান্ট / কারখানা প্রধান ও উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দদের নিকট হতে ইনোভেটিক আইডিয়া সংগ্রহের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৬ - জনাব তোফায়েল আহম্মদ, অতিঃমহাব্যবস্থাপক (প্রশাসন), মিল্ক ইউনিয়নের অফিশিয়াল ফেসবুকে প্রতি শূক্রবার মিল্কভিটা প্রোডাক্ট এবং সংশ্লিষ্ট বিষয় নিয়ে লাইভ ভিডিও তে আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

Toa  
২৬/৭/২০

Ahmed  
২৬/৭/২০